



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ অক্টোবর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে দশ লক্ষ টাকা জমা দিয়েছে ইউপিডিএফ

বন্যার্তদের সহায়তার জন্য অন্তর্বর্তীকালীন সরকারে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে দশ লক্ষ টাকা জমা দিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

গতকাল সোমবার (৭ অক্টোবর ২০২৪) দুপুর ২টায় বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)-এর সাবেক সভাপতি সুনয়ন চাকমা, বর্তমান সভাপতি অক্ষয় চাকমা ও সাধারণ সম্পাদক অমল ত্রিপুরা ঢাকার মিরপুরস্থ সোনালী ব্যাংক পিএলসি সাত মসজিদ রোড শাখায় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে (হিসাব নং : ০১০৭৩৩৩০০৪০৯৩) এই অর্থ জমা দেন।

উল্লেখ্য, গত আগস্ট মাসে ফেনীসহ সারাদেশে ভয়াবহ বন্যা দেখা দিলে বন্যার্তদের সহায়তার জন্য ইউপিডিএফ সংগঠক অংগ্য মারমার নেতৃত্বে গণসংগঠনের সমন্বয়ে ৭ সদস্য বিশিষ্ট একটি ত্রাণ উত্তোলন কমিটি গঠন করা হয়। কমিটি গত ২৫ আগস্ট থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত ৩২,৩৭,৮৫৭/- (বত্রিশ লক্ষ সাঁইত্রিশ হাজার আটশত সাতান্ন টাকা) উত্তোলন করে।

গতকাল উত্তোলিত উক্ত অর্থ থেকে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে এবং দেশের উত্তরাঞ্চল শেরপুর ও ময়মনসিংহ জেলায় বন্যাকবলিত মানুষদের সাহায্যার্থে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা দেয়া হয়েছে। বাকী ২০,৩৭,৮৫৭ টাকা ইউপিডিএফের স্থায়ী ত্রাণ তহবিলে গচ্ছিত রয়েছে, যা পরে বন্যাসহ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের জরুরী ত্রাণ সহায়তায় ব্যবহার করা হবে।

যারা ইউপিডিএফের আহ্বানে সাড়া দিয়ে বন্যার্তদের সাহায্যার্থে এগিয়ে এসে পার্টির ত্রাণ তহবিলে আর্থিক সাহায্য প্রদান করেছেন অংগ্য মারমা তাদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)